# কুমিল্লা বিশ্ববিদ্যালয়
কুমিল্লা-৩৫০৬

# ভর্তি নির্দেশিকা
(শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬)

## আবেদন ফি ও ফরম পূরণ:

আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা + বিকাশ চার্জ।
আবেদনের তারিখ ২৭ নভেম্বর ২০২৫খ্রি. তারিখ থেকে ১৭ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত (দিন-রাত যে কোনো সময়, এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে)।

## ১। ভর্তি পরীক্ষার তারিখ: ৩০ ও ৩১ জানুয়ারি ২০২৬

| ক্র. নং | ইউনিট | পরীক্ষার তারিখ | পরীক্ষার সময় |
|---|---|---|---|
| ০১ | A ইউনিট: বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ | ৩০/০১/২০২৬ | সকাল ১১:০০ - সকাল ১২:০০ |
| ০২ | B ইউনিট: কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং আইন অনুষদ | ৩১/০১/২০২৬ | সকাল ১১:০০ - সকাল ১২:০০ |
| ০৩ | C ইউনিট: বিজনেস স্টাডিজ অনুষদ | ৩১/০১/২০২৬ | বিকাল ৩:০০ - বিকাল ৪:০০ |

- সংশ্লিষ্ট অন্যান্য তথ্য যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে জানা যাবে।

## ২। আবেদনের যোগ্যতা:
২০২৪/২০২৫ সালে অনুষ্ঠিত এইচএসসি/আলিম/সমমানের পরীক্ষায় এবং ২০২১/২০২২/২০২৩ সালে অনুষ্ঠিত এসএসসি/দাখিল/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

## ৩। আবেদনের শর্তাবলী:
A-ইউনিট (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ): **বিজ্ঞান শাখা হতে SSC/ সমমান ও HSC/ সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ ৭.০০ থাকতে হবে। A-ইউনিট এর বিষয়সমূহের মধ্যে গণিত, সিএসই, আইসিটি, পদার্থবিজ্ঞান ও পরিসংখ্যান বিভাগে ভর্তির জন্য HSC/সমমান পর্যায়ে গণিতে জিপি ৩.০০ থাকতে হবে এবং গণিত, সিএসই ও আইসিটি বিভাগে ভর্তি হতে হলে ভর্তি পরীক্ষায় অবশ্যই গণিতে উত্তর দিতে হবে। রসায়ন বিভাগে ভর্তিচ্ছুদের HSC/সমমান পরীক্ষায় রসায়নে জিপি ৩.০০ ও গণিতে জিপি ৩.০০ থাকতে হবে। ফার্মেসী বিভাগে ভর্তিচ্ছুদের HSC/সমমান পরীক্ষায় রসায়ন ও জীববিদ্যায় জিপি ৩.০০ ও গণিতে জিপি ২.৫০ থাকতে হবে।**

B-ইউনিট (কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং আইন অনুষদ): **B-ইউনিটে আবেদনকারীর SSC/ সমমান ও HSC/ সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মানবিক শাখার জন্য সর্বমোট জিপিএ ৬.০০, বিজ্ঞান শাখার জন্য ৬.৫০ এবং ব্যবসায় শিক্ষা শাখার জন্য ৬.০০ থাকতে হবে। B-ইউনিট এর বিষয়সমূহের মধ্যে ইংরেজিতে ভর্তিচ্ছুদের HSC/ সমমান পরীক্ষায় ইংরেজিতে জিপি ৩.৫০ এবং অর্থনীতিতে ভর্তিচ্ছুদের HSC/ সমমান পর্যায়ে অর্থনীতি, গণিত ও পরিসংখ্যান বিষয়ের যে কোন একটি থাকতে হবে। আইন বিভাগে ভর্তিচ্ছুদের ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে কমপক্ষে ৪০% নম্বর পেতে হবে।**

C-ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ): **C-ইউনিটে আবেদনকারীর SSC/ সমমান ও HSC/ সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ ব্যবসায় শিক্ষা শাখার জন্য সর্বমোট জিপিএ ৬.০০, মানবিক শাখার জন্য জিপিএ ৬.০০ এবং বিজ্ঞান শাখার জন্য জিপিএ ৬.৫০ থাকতে হবে।**

জি.সি.ই লেভেল: **'ও' লেভেলে ৫টি এবং 'এ' লেভেলে ন্যূনতম ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলের মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত হতে হবে।**

- **সকল ইউনিটের আবেদনকারীকে SSC/ সমমান ও HSC/ সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) ৩.০০ থাকতে হবে এবং ইংরেজি মাধ্যমে পরীক্ষা দিতে ইচ্ছুক পরীক্ষার্থীদের অনলাইন আবেদনপত্রে অপশন সিলেক্ট করতে হবে।**
- **ভর্তিচ্ছুদের সুবিধার্থে কুমিল্লার পাশাপাশি এবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কেন্দ্র রাখা হয়েছে।**

## ৪। 'Admit Card' ডাউনলোডের সময় ও তারিখ:

'Admit Card' ডাউনলোডের সময় ও তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

## ৫। ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীর করণীয়:

(ক) ভর্তি পরীক্ষার দিন প্রত্যেক ইউনিটের জন্য ডাউনলোডকৃত প্রবেশপত্র অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে।

(খ) ভর্তি পরীক্ষা এক ঘণ্টা সময়ের ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে গ্রহণ করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

## ৬। অনুষদ ও বিভাগ ভিত্তিক আসন বণ্টন:

| ইউনিট/অনুষদ | বিভাগ | বিভিন্ন গ্রুপের জন্য নির্ধারিত আসন | | | |
|---|---|---|---|---|---|
| | | বিজ্ঞান | মানবিক | ব্যবসায় শিক্ষা | আসন সংখ্যা |
| A ইউনিট ঃ বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ | গণিত | ৫০ | ০ | ০ | ৫০ |
| | পদার্থবিজ্ঞান | ৪০ | ০ | ০ | ৪০ |
| | পরিসংখ্যান | ৫০ | ০ | ০ | ৫০ |
| | রসায়ন | ৪০ | ০ | ০ | ৪০ |
| | ফার্মেসী | ৪০ | ০ | ০ | ৪০ |
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৪০ | ০ | ০ | ৪০ |
| | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি | ৪০ | ০ | ০ | ৪০ |
| | উপ-মোট | ৩০০ | ০ | ০ | ৩০০ |
| B ইউনিটঃ কলা ও মানবিক অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও আইন অনুষদ | ইংরেজি | ১৫ | ২৬ | ০৯ | ৫০ |
| | বাংলা | ১০ | ৩৪ | ০৬ | ৫০ |
| | লোক প্রশাসন | ০৭ | ৩৭ | ০৬ | ৫০ |
| | অর্থনীতি | ২৮ | ১৬ | ০৬ | ৫০ |
| | নৃবিজ্ঞান | ০৮ | ৩৮ | ০৪ | ৫০ |
| | প্রত্নতত্ত্ব | ১০ | ২৭ | ০৩ | ৪০ |
| | গণযোগাযোগ ও সাংবাদিকতা | ১৫ | ৩০ | ০৫ | ৫০ |
| | আইন | ১৫ | ৩০ | ০৫ | ৫০ |
| | উপ-মোট | ১০৮ | ২৩৮ | ৪৪ | ৩৯০ |
| C ইউনিটঃ বিজনেস স্টাডিজ অনুষদ | ব্যবস্থাপনা শিক্ষা | ০৫ | ০৩ | ৪২ | ৫০ |
| | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ | ০৫ | ০৩ | ৪২ | ৫০ |
| | মার্কেটিং | ০৫ | ০৩ | ৪২ | ৫০ |
| | ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ০৫ | ০৩ | ৪২ | ৫০ |
| | উপ-মোট | ২০ | ১২ | ১৬৮ | ২০০ |
| | মোট আসন | ৪২৮ | ২৫০ | ২১২ | ৮৯০ |

## ৭। ইউনিট ভিত্তিক আসন বণ্টন:

| ক্র | ইউনিট | আসন সংখ্যা |
|---|---|---|
| ০১ | বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ (A ইউনিট) | ৩০০ |
| ০২ | কলা এবং মানবিক অনুষদ/ সামাজিক বিজ্ঞান অনুষদ (B ইউনিট) | ৩৯০ |
| ০৩ | বিজনেস স্টাডিজ অনুষদ (C ইউনিট) | ২০০ |
| | মোট আসন | ৮৯০ |

৮। কোটায় ভর্তির হার নিম্নরূপঃ

| ক্র | কোটার নাম | : | শতকরা হার | আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | মুক্তিযোদ্ধার সন্তান (FFQ) | : | ৫% | |
| ২. | TRQ-১১, NTQ-০৭ | : | প্রতি বিভাগে মোট সর্বোচ্চ ০১ জন | ১৮ জন |
| ৩. | শারীরিক প্রতিবন্ধী (PDQ) | : | | ৬ জন |
| ৪. | পোষ্য (WQ) | : | ২০২৫-২৬ শিক্ষাবর্ষের জন্য প্রতি বিভাগে সর্বোচ্চ ০১ জন | ১৯ জন |
| ৫. | খেলোয়াড় (BKSP থেকে সনদপ্রাপ্ত) | : | এ ক্ষেত্রে প্রতি বিভাগে সর্বোচ্চ ০১ জন | ১৯ জন |

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে সকল ইউনিট মিলিয়ে মোট আসন সংখ্যা ৮৯০ টি (কোটা ব্যতীত)।

**৯। কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র/সনদপত্র থাকতে হবে:**

**৯.১. মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে:**

ক) লাল মুক্তিবার্তা/সরকারি গেজেটের ফটোকপি।
খ) মুক্তিযোদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মূল সনদপত্র।

**৯.২. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি/অ-উপজাতি কোটার ক্ষেত্রে:**

ক) জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মূল সনদপত্র।
খ) গোষ্ঠী প্রধান কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট জাতিগত সনদ।
গ) জেলা প্রশাসক/স্ব-স্ব সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র।

**৯.৩. প্রতিবন্ধী (Differently Abled) কোটার ক্ষেত্রে:**

ক) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/আইডি (প্রয়োজনে শিক্ষার্থীর প্রতিবন্ধিতা চিকিৎসক কর্তৃক পরীক্ষা করা হবে)।

**৯.৪. খেলোয়াড় কোটার ক্ষেত্রে:**

ক) বিকেএসপি কর্তৃক প্রদত্ত এসএসসি অথবা এইচএসসি-এর মূল সনদপত্র।

**৯.৫. পোষ্য (WQ) কোটার ক্ষেত্রে:**

ক) বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

**১০। কোটা সংক্রান্ত তথ্য অনলাইন প্রক্রিয়ায় Upload করণ:**

কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর অবশ্যই কোটা সংক্রান্ত নির্ধারিত তথ্য ভর্তির অনলাইন প্রক্রিয়ায় Upload করতে হবে; অন্যথায় পরবর্তীতে কোটাভুক্তির বিষয় বিবেচনা করা হবে না। কোটাসমূহ যেমন: মুক্তিযোদ্ধার সন্তান কোটা (FFQ)/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও উপজাতি (TRQ)/অ-উপজাতি (NTQ)/শারীরিক প্রতিবন্ধী(PDQ)/ পোষ্য কোটা (WQ)/ খেলোয়াড় কোটা (BKSP) উল্লেখ করতে হবে। কোটাভিত্তিক আসন ১০৭টি, যাহা মূল আসন ৮৯০ এর অতিরিক্ত হিসেবে গণ্য হবে। কোটা থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা মেধার ভিত্তিতে বিভিন্ন বিভাগে ভর্তি হবে। এখানে অ-উপজাতি বলতে উপজাতি অঞ্চলে স্থায়ীভাবে বসবাসকারী বাঙালিদের বোঝানো হয়েছে।

**১১। ভর্তি সম্পন্ন করতে শিক্ষার্থীদের যে সকল কাগজপত্রগুলো মনোনয়ন প্রাপ্ত বিভাগে জমা দিতে হবে:**

১। পরীক্ষার হলে কক্ষ পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র।
২। সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
৩। Online এ পূরণকৃত ফরম এর প্রিন্ট কপি।
৪। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র।
৫। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্রের সত্যায়িত কপি (২ কপি)।

**১২। পরীক্ষা পদ্ধতি, বিষয়, মান বণ্টন ও পাশ নম্বর:**

- পরীক্ষা MCQ (Multiple Choice Question) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের "নির্দেশাবলী" অংশে বর্ণিত থাকবে।
- ভর্তি পরীক্ষায় মোট ১০০টি প্রশ্ন থাকবে এবং পরীক্ষার জন্য ১ (এক) ঘণ্টা সময় নির্ধারিত থাকবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।
- উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠ্যক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।
- ভর্তি পরীক্ষার সময়ে ক্যালকুলেটর/ যে কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস (মোবাইল ফোন, স্মার্ট ঘড়ি, ব্লু-টুথ ইত্যাদি) সঙ্গে আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

## ১৩। ভর্তি পরীক্ষার A, B এবং C ইউনিটসমূহের মোট ১০০টি প্রশ্নের মান বন্টন হবে নিম্নরূপঃ

### A-ইউনিট ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন:

ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের পদার্থবিজ্ঞান (২৫ নম্বর) ও রসায়ন (২৫ নম্বর) বিষয়ের উত্তর প্রদান বাধ্যতামূলক। বাংলা ও ইংরেজি (২৫ নম্বর); গণিত (২৫ নম্বর); জীববিজ্ঞান (২৫ নম্বর); এ তিনটি থেকে যেকোন দুইটির উত্তর প্রদান করতে হবে।

| | |
|---|---|
| পদার্থবিজ্ঞান এবং রসায়ন | (২৫+২৫) = ৫০ নম্বর |
| অন্য তিনটি থেকে যেকোন দুইটি | (২৫+২৫) = ৫০ নম্বর |
| | সর্বমোট = ১০০ নম্বর |

| বিষয় | | নম্বর বন্টন |
|---|---|---|
| বাংলা | = | ১০ |
| ইংরেজি | = | ১৫ |
| পদার্থবিজ্ঞান | = | ২৫ |
| রসায়ন | = | ২৫ |
| গণিত | = | ২৫ |
| জীববিজ্ঞান | = | ২৫ |

### B-ইউনিট ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন:

**মানবিক শাখার শিক্ষার্থীদের জন্য:**

| বিষয় | নম্বর |
|---|---|
| ইংরেজি | ২৫ |
| বাংলা | ২৫ |
| সাধারণ জ্ঞান | ১০ |
| মানবিক শাখার বিষয়ভিত্তিক | ৪০ |
| সর্বমোট= | ১০০ |

**বিজ্ঞান শাখার শিক্ষার্থীদের জন্য:**

| বিষয় | নম্বর |
|---|---|
| ইংরেজি | ২৫ |
| বাংলা | ২৫ |
| সাধারণ জ্ঞান | ১০ |
| পদার্থবিজ্ঞান | ২০ |
| রসায়ন | ২০ |
| সর্বমোট= | ১০০ |

**ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য:**

| বিষয় | নম্বর |
|---|---|
| ইংরেজি | ২৫ |
| বাংলা | ২৫ |
| সাধারণ জ্ঞান | ১০ |
| হিসাববিজ্ঞান | ২০ |
| ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | ২০ |
| সর্বমোট= | ১০০ |

### C-ইউনিট ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন:

**ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য:**

| বিষয় | নম্বর |
|---|---|
| বাংলা | ২০ |
| ইংরেজি | ২০ |
| ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | ৩০ |
| হিসাববিজ্ঞান | ৩০ |
| সর্বমোট= | ১০০ |

**মানবিক শাখার শিক্ষার্থীদের জন্য:**

| বিষয় | নম্বর |
|---|---|
| বাংলা | ২০ |
| ইংরেজি | ২০ |
| সাধারণ জ্ঞান | ৬০ |
| সর্বমোট= | ১০০ |

**বিজ্ঞান শাখার শিক্ষার্থীদের জন্য:**

| বিষয় | নম্বর |
|---|---|
| বাংলা | ২০ |
| ইংরেজি | ২০ |
| পদার্থবিজ্ঞান | ৩০ |
| রসায়ন | ৩০ |
| সর্বমোট | ১০০ |

- ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর/গ্রেড-এর ভিত্তিতে মেধাস্কোর নির্ধারিত হবে।

**ভর্তির জন্য লিখিত পরীক্ষার পাশ নম্বর:**

| ইউনিট | পাশ নম্বর |
|---|---|
| A ইউনিট | ৩৩ |
| B ইউনিট | ৩৩ |
| C ইউনিট | ৩৩ |

ভর্তি পরীক্ষায় MCQ পদ্ধতির উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহ করা হবে। প্রার্থীকে প্রয়োজনীয় MCQ ঘর পূরণ করার উপযোগী কালো বলপেন আনতে হবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি MCQ উত্তরপত্র সরবরাহ করা হবে। উত্তরপত্র পূরণে সংশ্লিষ্ট ভুল-ভ্রান্তির দায় প্রার্থীকেই বহন করতে হবে। পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

## ১৪। বাছাই প্রক্রিয়া:

- ক) মোট ১২০ নম্বরের ভিত্তিতে প্রার্থীদের অর্জিত মেধা-স্কোরের ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে। এজন্য এস.এস.সি/'O' লেভেল বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত (৪র্থ বিষয়সহ) জিপিএ-কে ২ দিয়ে গুণ এবং এইচ.এস.সি/'A' লেভেল বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত (৪র্থ বিষয়সহ) জিপিএ-কে ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল ভর্তি পরীক্ষায় ১০০ নম্বর থেকে প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে ১২০ নম্বরের উপর মেধা- স্কোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে।

  খ) 'O' লেভেল এবং 'A' লেভেল পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট নিম্নরূপ জিপিএ হিসাব করতে হবে।

  A=5.00 B=4.00 C=3.50 D=3.00
- উত্তীর্ণ প্রার্থীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.cou.ac.bd) -এর মাধ্যমে জানা যাবে।
- ভর্তি পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে মেধাক্রম অনুসারে সাক্ষাতের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন করে ইউনিট অফিস থেকে ভর্তির চূড়ান্ত ফরম সংগ্রহ করে ব্যাংকে টাকা জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া চূড়ান্ত করবেন।

## ১৫। ইউনিট বোর্ডে সাক্ষাৎকারের তারিখ:

ফলাফল প্রকাশের সময় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

## ১৬। ইউনিট ভিত্তিক বিষয় পছন্দক্রম (Subject Choice) :

আবেদনকারীকে **ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর** অবশ্যই অগ্রাধিকার ভিত্তিতে ইউনিট ভিত্তিক বিষয় পছন্দক্রম (Subject Choice) ভর্তির অনলাইন প্রক্রিয়ায় Upload দিতে হবে। ওয়েবসাইটে প্রদর্শিত তালিকার সবগুলো বিষয়কেই অগ্রাধিকার অনুযায়ী পছন্দ করতে হবে। অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করা খুবই গুরুত্বপূর্ণ। পরবর্তী সময়ে আবেদনকারীর প্রদত্ত বিষয় পছন্দক্রম কোনো অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। **তাই ভর্তিচ্ছু শিক্ষার্থীকে ভেবেচিন্তে বিষয় পছন্দক্রম সাজাতে হবে।**

**১৭। স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (Auto-migration):**

ভর্তির জন্য নির্বাচিত হয়ে কোনো বিভাগে ভর্তি হলে পরে বিধি মোতাবেক শিক্ষার্থীদের দেয়া বিষয় পছন্দক্রমের অগ্রাধিকার তালিকা অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন (Auto-migration) হবে। তবে কোনো শিক্ষার্থী চাইলে স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (Auto-migration) বন্ধ (Migration-stop) করতে পারবে। সেক্ষেত্রে তাকে প্রথমে নির্বাচিত বিভাগে ভর্তি হতে হবে এবং ভর্তি হওয়ার পর তাকে পোর্টালে লগইন করে স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন বন্ধ (Migration-stop) করতে হবে। উল্লেখ্য নির্বাচিত বিভাগে ভর্তি হয়ে Migration-stop করার জন্য নির্ধারিত সময়ের মধ্যেই স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন বন্ধ (Migration-stop) করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যেই স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন বন্ধ (Migration-stop) না করলে বিধি মোতাবেক স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন হবে এবং শিক্ষার্থীকে তা অবশ্যই মেনে নিতে হবে।

- ❖ ভর্তি সংক্রান্ত কোনো বিষয়ে প্রশ্ন থাকলে **Help Line: 01557-330381/01557-330382/01709-133856** নম্বরে সকাল ১০:০০ টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত যোগাযোগ করে জানা যাবে। হোয়াটসঅ্যাপেও যোগাযোগ করা যাবে।

**বিবিধ:**

ক) ভর্তি প্রক্রিয়ার যে কোন স্তরে অনিয়ম/অযোগ্যতা/দূর্নীতি ধরা পড়লে ভর্তি বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ) পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোনো অভিযোগ প্রমাণিত হলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

গ) ভর্তি সংক্রান্ত নিয়ম নীতির যে কোন ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজনের ক্ষমতা কেন্দ্রীয় ভর্তি কমিটি সংরক্ষণ করে।

ঘ) ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

বি.দ্র.: ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **https://cou.admission-aid.com** এ পাওয়া যাবে।

27/11/2025

(প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
সদস্য-সচিব
কেন্দ্রীয় কমিটি, ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬
কুমিল্লা বিশ্ববিদ্যালয়-৩৫০৬